ইক্‌রা একাডেমি

[একটি যুগোপযোগী দ্বীনি শিক্ষাপ্রতিষ্ঠান]

প্রয়োজনে : ০১৭৩৯৮১৫৩২৮

নতুন শিক্ষার্থীদের জন্য নির্দেশনা

❖ **শিক্ষাবর্ষের শুরুর কার্যক্রম-সংক্রান্ত :**

- আগামী **০৩ জানুয়ারি-২০২৬, শনিবার** বিদ্যালয় থেকে যা যা সরবরাহ করা হবে -
  ⇒ ১ সেট পাঠ্যবই। ⇒ দৈনন্দিন পড়া ও লেখার শীট বহনের ফাইল।
  ⇒ শিক্ষার্থীর প্রাতিষ্ঠানিক পরিচয়পত্র *(আইডি কার্ড)*।
- অভিভাবকগণ ০৪ জানুয়ারি সকাল ৮টা - দুপুর ২টার মধ্যে উক্ত জিনিসগুলো অবশ্যই সংগ্রহ করে নেবেন। ঐ দিন শিক্ষার্থীকে সাথে আনা জরুরি নয় তবে অভিভাবক চাইলে সাথে আনতেও পারেন।
- আগামী **৮ জানুয়ারি-২০২৬, বৃহস্পতিবার** থেকে ক্লাস রুটিনে উল্লেখিত সময় অনুযায়ী শিক্ষার্থীদের ক্লাস শুরু হবে।
- ক্লাসে আসার আগেই বইগুলোর শুরুর দিকে নির্ধারিত স্থানে শিক্ষার্থীর নাম-ঠিকানা, শ্রেণি, শাখা, রোল নম্বর ইত্যাদি স্পষ্ট ও সুন্দর করে লিখে দিতে হবে এবং বইগুলোতে মলাট লাগানোর ব্যবস্থা করতে হবে।
- বিদ্যালয়ে ক্লাস করার জন্য পরিচয়পত্র ও নির্ধারিত ইউনিফর্ম ব্যবহার বাধ্যতামূলক। সুতরাং ইউনিফর্ম ব্যতীত ভিন্ন পোশাক পরিধান করে বিদ্যালয়ে ক্লাস করা যাবে না।

❖ **শিক্ষাসামগ্রী ক্রয়-সংক্রান্ত :**

- প্লে গ্রুপের শিক্ষার্থীর জন্য আপাতত শুধু পেন্সিল, রাবার, পেন্সিল কাটার ও পেন্সিল বক্স কিনতে হবে তবে এখন কোনো খাতা কেনার প্রয়োজন নেই। খাতা কেনার প্রয়োজন হলে, বিদ্যালয় থেকে জানিয়ে দেওয়া হবে।
- স্কুল ব্যাগ, পেন্সিল বক্স ইত্যাদি কেনার সময় প্রাণীর ছবিযুক্ত সামগ্রী এড়িয়ে চলার চেষ্টা করতে হবে।
- ***প্লে, নার্সারি ও ১ম শ্রেণির শিক্ষার্থীদের সকল লেখা পেন্সিল দিয়ে লিখতে হবে।***

❖ **ক্লাস টাইম ও ক্লাস রুমের সিট-সংক্রান্ত :**

- শুরুতে ভর্তিকালীন রোল নম্বর অনুসারে শিক্ষার্থীদের ক্লাস রুমে বসার সিট নির্ধারিত হবে এবং প্রতি ১৫ দিন পর পর অর্থাৎ মাসের ১ম ও ৩য় শনিবার শিক্ষার্থীদের বসার সিট পরিবর্তন করা হবে। যাতে সবাই পালাক্রমে সমানভাবে সামনে বসার সুযোগ পায়।
- শিক্ষার্থীদেরকে বিদ্যালয়ের পরিবেশের সাথে মানিয়ে নেওয়া ও প্রাথমিক ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে ক্লাস শুরুর ১ম ৫ দিন ক্লাস টাইম কিছুটা কম থাকবে অর্থাৎ ১ম শিফট ১১.৩০ মিনিটের পরিবর্তে ১০.৩০ মিনিটে ছুটি হবে আর ২য় শিফট ২.৩০ মিনিটের পরিবর্তে বেলা ১.১০ মিনিটে ছুটি হবে।
  তবে ১৪ জানুয়ারি, মঙ্গলবার থেকে পূর্ণ সময় ক্লাস হবে এবং নির্ধারিত সময়েই ছুটি হবে।

সব শিক্ষার্থী শুরুতেই বিদ্যালয়ের পরিবেশে নিজেকে মানিয়ে নিতে পারে না। কোনো কোনো শিশুর কিছুটা সময় লাগে। এটা খুবই স্বাভাবিক বিষয়। তাই এমন পরিস্থিতিতে অভিভাবক নিজে হতাশ হবেন না ও তার সন্তানকে বকাঝকা বা অতিরিক্ত চাপ প্রয়োগ করবেন না বরং উৎসাহ প্রদানের মাধ্যমে তাকে উদ্বুদ্ধ করবেন।

একনযরে জ্ঞাতব্য বিষয়

নতুন বই প্রদান : ০৩ জানুয়ারি, শনিবার

হাফ ক্লাস : ০৮ জানুয়ারি - ১৪ জানুয়ারি

ক্লাস শুরু : ০৮ জানুয়ারি, বৃহস্পতিবার থেকে

পূর্ণ ক্লাস : ১৫ জানুয়ারি, মঙ্গলবার থেকে